

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 01-04-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের ১২৫তম পর্বে বিগত কয়েক সপ্তাহে দেশের সামনে আসা প্রাকৃতিক বিপর্যয়ের ফলে ক্ষয় ক্ষতি এবং উদ্ধার ও ত্রানের কাজে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া সবাইকে ধন্যবাদ জানান। জম্মু ও কাশ্মিরে প্রথমবারের মত দিন রাতের ক্রিকেট প্রতিযোগিতা এবং ডাল হুদে জাতীয় জল ক্রীড়া প্রতিযোগিতার সফল অংশ গ্রহণকারী দু'জনের সঙ্গে সরাসরি কথা বলেন তিনি। এক ভারত শ্রেষ্ঠ ভারতের বার্তা মনে করিয়ে ইউপিএসসিতে সাফল্যের লক্ষ্যে প্রতিভা সেতুর কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী। পডকাস্টিং-এ ভারতের সম্ভাবনা এবং জার্মান পডকাস্টার লেক্স ফ্রিডম্যানের সঙ্গে আলাপচারিতার প্রসঙ্গে মধ্যপ্রদেশে শাহডোলের ফুটবলারদের বিদেশী কোচের কাছে প্রশিক্ষণে সুযোগ পাওয়ার বিষয়েও তিনি বলেন। এছাড়া প্রথম বিশ্বযুদ্ধ থেকে এখন পর্যন্ত শহীদ সেনা জওয়ানদের তথ্য সংগ্রহকারী জিতেন্দ্র সিং রাঠোর, সৌরশক্তিতে কৃষকের সমৃদ্ধি, সোলার দিদি, বিশ্বকর্মা যোজনার পাশাপাশি ভোকাল ফর লোকালের মত আরও এক গুচ্ছ বিষয়ের ইতিবাচক প্রভাবের কথা মন কি বাত অনুষ্ঠানে তুলে ধরেন প্রধানমন্ত্রী।

#####Byte#####

**India Chaina:**

প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী এক চীনের তিয়ানজিনে সাংহাই সহযোগিতা সংগঠনের মূল পর্বে ভাষণ দেবেন। ভারতের বিদেশ মন্ত্রক জানিয়েছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং চীনের রাষ্ট্রপতি শি জিনপিং গতকাল চীনের তিয়ানজিনে সাংহাই

সহযোগিতা সংগঠনের শীর্ষ সম্মেলনের পাশাপাশি দ্বিপাক্ষিক বৈঠকে অংশগ্রহণ করেন। উভয় নেতা বৈঠকে আন্তর্জাতিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা করেন। পররাষ্ট্র সচিব বিক্রম মিসরি সংবাদমাধ্যমকে জানান, দুই নেতাই বিশ্ব পর্যায়ে বিভিন্ন চ্যালেঞ্জ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। উভয় পক্ষই কীভাবে এই বিবর্তিত চ্যালেঞ্জ সত্ত্বেও ভারত এবং চীনের মধ্যে অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ককে এগিয়ে নেওয়ার ব্যাপারে আলোচনা করেন বলে শ্রী মিস্রি উল্লেখ করেন।

\*\*\*\*\*

### কিরেন রিজিজু:

কেন্দ্রিয় মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, GDP তে প্রথম তিন মাসে ৭.৮ শতাংশ বৃদ্ধি প্রমাণ করে যে, একমাত্র প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অর্থনীতিকে আরো উন্নত করতে সক্ষম। গতকাল নতুন দিল্লীতে ভগবান বিরসা মুন্ডা ভবনে বিরসা মুন্ডার আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করে তিনি সাংবাদিকদের একথা জানান। শ্রী রিজিজু আরো বলেন, বিশ্বের সামনের সারির অর্থনীতিবিদরাও বলছেন, প্রধানমন্ত্রী মোদী ভারতীয় অর্থনীতিকে সুচারুভাবে চালিত করছেন। মেক ইন ইন্ডিয়া চালু করে এবং স্বদেশী গ্রহণ করেই দেশকে স্বয়ম্ভর বানানো সম্ভব বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

\*\*\*\*\*

### Belonia Marchant Association:

বিলোনিয়া মার্চেন্ট এসোসিয়েশন এন্ড ওয়েলফেয়ার সোসাইটির অষ্টম ত্রি-বার্ষিক সম্মেলন গতকাল বিলোনিয়া টাউন হলে অনুষ্ঠিত হয়। সম্মেলনে বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, ত্রিপুরা মার্চেন্ট এসোসিয়েশনের সম্পাদক স্মৃজিত রায়, বিলোনিয়া মার্চেন্ট এসোসিয়েশন এন্ড

ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি দিলীপ নন্দি ও সম্পাদক মাণিক পাল প্রমুখ বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

## **SUCI:**

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা এস আই আর প্রক্রিয়ার বিরুদ্ধে সপ্তাহব্যাপী আন্দোলনে নেমেছে এসইউসিআই। এরই অঙ্গ হিসেবে গতকাল বটতলায় এক প্রতিবাদ কর্মসূচীতে দলের রাজ্য সম্পাদক অরুণ ভৌমিক অভিযোগ করেন, “ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের মাধ্যমে সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। বিশেষ করে শ্রমজীবী মানুষের কাছে প্রয়োজনীয় সমস্ত নথিপত্র না থাকায় তারা নাম অন্তর্ভুক্ত করতে পারছেন না। ফলে ভোটার তালিকা থেকে নাম বাদ পড়ার সঙ্গে সঙ্গে তাদের নাগরিকত্বও প্রশ্নের মুখে পড়ছে। তিনি জানান ২৫ থেকে ৩১ আগস্ট পর্যন্ত এই দাবিকে কেন্দ্র করে রাজ্য জুড়ে আন্দোলন কর্মসূচি পালন করে এসইউসিআই।

\*\*\*\*\*

## **Workshop on Fragrant Rice Cultivation:**

ডুকলি কৃষি মহকুমার উদ্যোগে এবং রাজ্য কৃষি গবেষণা কেন্দ্রের সহযোগিতায় গতকাল আগরতলা পুর নিগমের ৪৪ নম্বর ওয়ার্ড প্রাঙ্গনে সুগন্ধি ধান চাষের উপর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। রাজ্য কৃষি গবেষণা কেন্দ্রের যুগ্ম অধিকর্তা ডঃ উত্তম সাহা চালের গুণগত মান এবং সুগন্ধি বজায় রাখার বিষয়ে গুরুত্ব দেওয়ার জন্য কৃষকদের প্রতি আহ্বান জানান। কর্মশালায় উপস্থিত ছিলেন কর্পোরেটর উদয় ভাস্কর চক্রবর্তী।

\*\*\*\*\*

### প্রথম ডিভিশন:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ থেকে অবনমন হলো ফ্রেন্ডস ইউনিয়নের। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় গতরাতে টাউন ক্লাব ২-১ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে পরাজিত করে। ফলে ৯ ম্যাচে কোন পয়েন্ট সংগ্রহ করতে না পেরে অবনমন হওয়ায় আগামী মরশুমে ফ্রেন্ডস ইউনিয়ন দ্বিতীয় ডিভিশনে খেলবে।

\*\*\*\*\*

### রেমিকা:

ফিফার টেলেন্ট সার্চ অভিযানের অঙ্গ হিসেবে হায়দ্রাবাদে সর্ব ভারতীয় ফুটবল ফেডারেশনে শিবিরে ডাক পাওয়া রাজ্যের উদীয়মান ফুটবলার রেমিকা রিয়াং'কে সংবর্ধনা দিল রাজ্য ফুটবল সংস্থা। গতরাতে উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকের ম্যাচের বিরতিতে রেমিকার হাতে হায়দ্রাবাদ যাওয়ার বিমানের টিকিট তুলে দেয় ফুটবল সংস্থা। সাথে উত্তরীয় ও পুষ্পস্তবক দিয়ে তাকে শুভেচ্ছা জানান টিএফএ সচিব অমিত চৌধুরী। টিএফএ'র লাইফ মেম্বর ফোরামের পক্ষ থেকে দেয়া হয় ২ হাজার টাকা। আজ থেকে ৫ই সেপ্টেম্বর পর্যন্ত এই ট্রায়াল অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

### Weather :

আজ আকাশ সাধারণত: মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুৎ-সহহালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস-এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস। গতকাল থেকে আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৩ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*